



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 11  
Class - 2

Subject : Bengali Text  
Topic : ধন্য ডাক্তারি

Date : 15.06.2020

১) অর্থ লেখ।

ক) অবাক — বিস্মিত।

খ) আইস্ - ব্যাগ — রবারের একরকম ব্যাগ বা থলি, যার মধ্যে বরফ রেখে মাথায় চেপে ধরা হয়।

গ) ব্যামো — অসুখ।

ঘ) ভারী — খুব।

ঙ) সাবধান — সচেতন, সতর্ক।

২) শূন্যস্থান পূরণ কর।

ক) কলকাতায় গিয়ে বদ্যিনাথের সর্দি হল।

খ) কবিতায় রোগীর নাম বদ্যিনাথ।

গ) ডাক্তার এসে রোগটা আসল কিংবা মেকি দেখতে চাইল।

ঘ) বদ্যিনাথের মুখে থার্মোমিটার রাখতে বলা হয়েছিল।

ঙ) ডাক্তার বদ্যিনাথের রোগের জন্য অক্সিজেন দেওয়ার কথাও বলেছিলেন।

৩) সঠিক উত্তরের মাথায় (✓) চিহ্ন দাও।

ক) বদ্যিনাথের (জ্বর / সর্দি) হয়েছিল।

খ) আইস - ব্যাগ বদ্যিনাথের মাথায় (একদিন / দুদিন) রাখতে বলা হয়েছিল।

গ) বদ্যিনাথের চিকিৎসা করতে এসেছিলেন (কবিরাজ / ডাক্তার)।

ঘ) ডাক্তারের ডাক্তারি দেখে বদ্যিনাথ (অবাক / খুশি) হয়েছিল।

ঙ) বদ্যিনাথ রোগের জন্য নস্যি (মুখে / নাকে) দিয়েছিল।

৪) একটি বাক্যে উত্তর লেখ।

ক) ডাক্তার আসার আগে বদ্যিনাথ সর্দির জন্যে কি ব্যবস্থা করেছিল?

উঃ ডাক্তার আসার আগে বদ্যিনাথ সর্দির জন্যে জোলাপ ও নস্যি নিয়েছিল।

খ) ডাক্তার এসে বদ্যিনাথকে কি বলেছিলেন?

উঃ ডাক্তার এসে বদ্যিনাথকে বলেছিলেন, 'বড়োই কঠিন ব্যামো'।

গ) থার্মোমিটার কি?

উঃ থার্মোমিটার হল দেহের তাপ মাপার যন্ত্র।

ঘ) ডাক্তার বদ্যিনাথের মাথায় কি দিতে বলেছিলেন?

উঃ ডাক্তার বদ্যিনাথের মাথায় আইস্ - ব্যাগ দিতে বলেছিলেন।

ঙ) বদ্যিনাথ কোথাকার লোক?

উঃ বদ্যিনাথ পাড়াগাঁয়ের লোক।